

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৫, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১২৭—গত ০১ এপ্রিল ২০১৮ তারিখে হংকংয়ে অনুষ্ঠিত চার জাতি জকি গার্লস ইন্টারন্যাশনাল ইয়ুথ কাপে স্বাগতিক হংকং-কে ৬-০ গোলে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন মালয়েশিয়া, ইরান এবং হংকংকে পরাজিত করে দেশকে উপহার দিল এক অসামান্য অর্জন।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ১৯ চৈত্র ১৪২৪/০২ এপ্রিল ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(৩৭৫৯)
মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: $\frac{১৯ \text{ চৈত্র } ১৪২৪}{০২ \text{ এপ্রিল } ২০১৮}$

গত ০১ এপ্রিল ২০১৮ তারিখে হংকং-এ অনুষ্ঠিত চার জাতি জকি গার্লস ইন্টারন্যাশনাল ইয়ুথ কাপে স্বাগতিক হংকং-কে ৬-০ গোলে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল। এ টুর্নামেন্টে অংশগ্রহণকারী অন্য দলগুলো ছিল— স্বাগতিক হংকং, মালয়েশিয়া এবং ইরান। প্রথম ম্যাচে মালয়েশিয়ার বিপক্ষে ১০-১ গোলের ব্যবধানে জয় পায় বাংলাদেশ দল। পরে ইরানকেও ৮-১ গোলে পরাজিত করে এ দল। টুর্নামেন্টের অন্য তিনটি দলই ছিল ফিফা র্যাংকিংয়ে বাংলাদেশের চেয়ে অনেক এগিয়ে। নারী ফুটবলে ফিফা র্যাংকিংয়ে বাংলাদেশের ১০২তম অবস্থানের বিপরীতে মালয়েশিয়ার ২২ ধাপ, হংকং-এর ৩১ ধাপ এবং ইরানের ৪৪ ধাপ এগিয়ে থাকার প্রেক্ষাপটে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দলের নৈপুণ্যে ভাস্বর এ বিজয় দেশের যে-কোনো পর্যায়ের ফুটবলের ক্ষেত্রেই এক অনন্য অর্জন। একটি পরিপূর্ণ ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল শক্তিশালী ও অভিজ্ঞতাসম্পন্ন মালয়েশিয়া, ইরান এবং হংকং-কে পরাজিত করে দেশকে উপহার দিল এক অসামান্য অর্জন।

বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দল ইতঃপূর্বে সাফ অনূর্ধ্ব-১৫ টুর্নামেন্টেও অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়া, এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) আঞ্চলিক ফুটবল টুর্নামেন্টেও র্যাংকিংয়ে এগিয়ে থাকা দলগুলোর বিরুদ্ধে ২০১৫ ও ২০১৬ সালে পরপর দু'বার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছিল বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট থেকে উঠে আসা এ দলটি।

মন্ত্রিসভা মনে করে যে এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৫ নারী ফুটবল দলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd